

**ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়**
**ঢাকা ক্যান্টনমেন্ট**
**প্রশাসন শাখা**
www.dcb.gov.bd

নং-২৩.২২.৭০০১.০১১.৪৫.৩৪৪.২৩-২৭৫৬

তারিখ ঃ ১৪ শ্রাবণ, ১৪৩৩
২৯ জুলাই, ২০২৬

বিষয় ঃ- ভোটার তালিকা হালনাগাদ উপলক্ষে খসড়া প্রকাশ ও চূড়ান্তকরণ।

সূত্র ঃ (ক) বাংলাদেশ নির্বাচন কমিশনের ০৯/০৭/২০২৬ খ্রি. তারিখের ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-১৬৯ নং পত্র।
(খ) বাংলাদেশ নির্বাচন কমিশনের ২১/০৭/২০২৬ খ্রি. তারিখের ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-১৭৭ নং প্রজ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ক্যান্টনমেন্ট বোর্ডের ভোটার এলাকাসমূহের ভোটার তালিকা ডাটাবেইজ ৩১/০৭/২০০৮ খ্রি. তারিখ বা তার পূর্বে যাদের জন্ম এমন ব্যক্তিদের মধ্যে ৩১/০৭/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত যারা ডাটাবেইজে নিবন্ধিত হয়েছেন বা হবেন তাদের ভোটার তালিকায় অন্তর্ভুক্তকরত: চূড়ান্তকরণের লক্ষ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশ, দাবি, আপত্তি ও সংশোধনের আবেদন দাখিল এবং দাখিলকৃত আবেদন নিষ্পত্তিকরত: চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ সংক্রান্তে বিস্তারিত সময়সূচি মাননীয় কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির বিরুদ্ধে আপত্তি অথবা অন্তর্ভুক্তির বিষয় সম্পর্কে সংশোধনী দরখাস্ত সংযুক্ত সময়সূচি অনুসারে থানা নির্বাচন অফিসারের কার্যালয়, ক্যান্টনমেন্ট, ঢাকায় ব্যক্তি স্বশরীরে অথবা ডাকযোগে দাখিল করতে পারবেন। উল্লেখ্য, মুদ্রিত খসড়া ভোটার তালিকায় পুরুষ তালিকার মধ্যে মহিলা ভোটার অন্তর্ভূক্তি ও মহিলা তালিকার মধ্যে পুরুষ ভোটার অন্তর্ভুক্তি এবং ধর্ম সংক্রান্ত ত্রুটি বিচ্যুতি থাকলে তা সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, বিষয়টি সংশ্লিষ্ট এলাকা/ইউনিটে/দপ্তরে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ...০৫... পাতা।


**(মোঃ শেখ শহিদুল ইসলাম)**
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।
ফোনঃ ৯৮৩৫৫৬৫, ই-মেইলঃ ceocbd@gmail.com


১। স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস।
২। অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস।
৩। অধিনায়ক, বিএএফ বেস বাশার/বিএএফ ঘাঁটি বীর উত্তম এ কে খন্দকার, ঢাকা সেনানিবাস।
৪। সভাপতি/সেক্রেটারী, বনানী/মহাখালী/বারিধারা ডিওএইচএস পরিষদ, ঢাকা সেনানিবাস।
৫। ইমাম, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ/বনানী/মহাখালী/বারিধারা ডিওএইচএস জামে মসজিদ - মুসল্লিগণের মাঝে প্রচারের জন্য।

সদয় অবগতির জন্য ঃ-

১। সেনাবাহিনী প্রধানের সচিবালয়, সেনাসদর, ঢাকা সেনানিবাস।
২। নৌবাহিনী প্রধানের সচিবালয়, নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা।
৩। বিমান বাহিনী প্রধানের সচিবালয়, বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস।
৪। সদর দপ্তর লজিষ্টিক্স এরিয়া, ঢাকা সেনানিবাস।
৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, নির্বাচন প্রশিক্ষণ ভবন (৩য় তলা), প্লট-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা।
৬। থানা নির্বাচন অফিসারের কার্যালয়, ক্যান্টনমেন্ট, ঢাকা।

Received by Rakib Hasan 02/08/26

D:\Office\ADMIN\G A\GAD-2024.DOC555

CS CamScanner

ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়
**নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা**
**নির্বাচন সহায়তা-২ শাখা**

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-৯৬৭

তারিখঃ ০৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ
২৫ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ

বিষয়ঃ **ভোটার তালিকা হালনাগাদ উপলক্ষে খসড়া প্রকাশ ও চূড়ান্তকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন স্থানীয় সরকার নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন ভোটার তালিকা হালনাগাদের উদ্যোগ গ্রহণ করেছে। ভোটার তালিকা হালনাগাদের লক্ষ্যে ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৩ (জ) অনুযায়ী যোগ্যতা অর্জনের তারিখ হিসেবে ৩১ জুলাই ২০০৮ মাননীয় কমিশন নির্ধারণ করেছে। সেপ্রেক্ষিতে, ভোটার তালিকা ডাটাবেইজে ৩১/০৭/২০০৮ তারিখ বা তার পূর্বে যাদের জন্ম এমন ব্যক্তিদের মধ্যে ৩১/০৭/২০২৬ তারিখ পর্যন্ত যারা ডাটাবেইজে নিবন্ধিত হয়েছেন বা হবেন তাদেরকে ভোটার তালিকায় অন্তর্ভুক্তকরত: চূড়ান্তকরণের লক্ষ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশ, দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিল এবং দাখিলকৃত আবেদন নিষ্পত্তিকরত: চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ সংক্রান্তে বিস্তারিত সময়সূচী মাননীয় কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। সময়সূচি নিম্নরূপ:

| ক্রম | বিবরণ | **প্রস্তাবিত সময়সূচি** |
|---|---|---|
| ১ | হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকার পিডিএফ প্রস্তুত ও মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন অফিসারের নিকট লিংক প্রেরণের শেষ তারিখ | ০৪ আগষ্ট ২০২৬ |
| ২ | **হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা মুদ্রণপূর্বক প্রকাশ** | ০৯ আগষ্ট ২০২৬ |
| ৩.১ | দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিল এর শেষ তারিখ | ২৪ আগষ্ট ২০২৬ |
| ৩.২ | সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহ নিষ্পত্তির শেষ তারিখ | ২৭ আগষ্ট ২০২৬ |
| ৩.৩ | দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশ | ২৮ আগষ্ট ২০২৬ |
| ৪ | **হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ** | ৩১ আগষ্ট ২০২৬ |

০২। উক্ত কার্যক্রম চলাকালীন মুদ্রিত খসড়া ভোটার তালিকা জনসাধারণের পরিদর্শন ও ভুলত্রুটি সংশোধনের আবেদন দাখিলের আহবান জানিয়ে মসজিদ/মন্দিরসহ ধর্মীয় উপসনালয়ে ইমাম/পুরোহিতগণের মাধ্যমে নামাজ/প্রার্থনার আগে বা পরে ঘোষণা প্রদান, স্থানীয় সাংবাদিক ও ক্যাবল অপারেটরের মাধ্যমে জনস্বার্থে তা প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য, মুদ্রিত খসড়া ভোটার তালিকায় পুরুষ তালিকার মধ্যে মহিলা ভোটার অন্তর্ভুক্তি ও মহিলা তালিকার মধ্যে পুরুষ ভোটার অন্তর্ভুক্তি এবং ধর্ম সংক্রান্ত ত্রুটি বিচ্যুতিসহ অন্য কোন ত্রুটি বিচ্যুতি থাকলে তা সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

০৪ বিষয়টি অতীব জরুরী।

০৯.০৭.২০২৬

(মোঃ নাসির উদ্দিন চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব(নি:স:-২)
ফোনঃ ৫৫০০৭৫৫৪

**উপজেলা/থানা নির্বাচন অফিসার, ............... (সকল)**
**ও**
**রেজিস্ট্রেশন অফিসার**

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-৯৬৮

তারিখঃ ০৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ
২৫ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:
১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................................(সকল)। **(উক্ত কার্যক্রম সার্বিক তদারকির অনুরোধসহ)**
৪। সিস্টেম ম্যানেজার (কারিগরি), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
৫। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার, .................. (সকল)। **(উক্ত কার্যক্রম সার্বিক তদারকির অনুরোধসহ)**
৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

সিনিয়র সহকারী সচিব
(নির্বাচন সহায়তা-২)

CS CamScanner